



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

সনাতন বিদ্যার্থী সংসদের উদ্যোগে 'নবীনবরণ ও বিদ্যার্থী মেধাবৃত্তি ২০১৮' অনুষ্ঠিত



‘জ্ঞান-সংস্কার-ঐক্য’ ব্রতকে ধারণ করে ‘এসো ঋত ঋদ্ধির পথে’ স্লোগানকে সামনে রেখে সনাতন বিদ্যার্থী সংসদ-এর উদ্যোগে ২৪ ফেব্রুয়ারি-২০১৮, শনিবার, বেলা ১২টায় ‘নবীনবরণ ও বিদ্যার্থী মেধাবৃত্তি ২০১৮’ সামাজিক বিজ্ঞান ভবনের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপ-মহাপুলিশ পরিদর্শক শ্রীভানুলাল দাস এবং আর্শিবাদক হিসেবে প্রণবমঠ-এর অধ্যক্ষ শ্রীমৎ স্বামী সঙ্গীতানন্দ মহারাজ উপস্থিত ছিলেন।

স্বপন কুমার সানো-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, সমাজ দর্পন-এর সম্পাদক শ্রী হীন্দ্রেনাথ বিশ্বাস, রনি টুরস অ্যান্ড ট্রাভেলস-এর ব্যবস্থাপনা পরিচালক শ্রী আর. ডি. রনি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক শ্রী কুশল বরণ চক্রবর্তী ও অন্যান্য অতিথিবৃন্দ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এবছর সনাতন বিদ্যার্থীদের সংসদের উদ্যোগে ২০ জন দরিদ্র শিক্ষার্থীদের মাঝে 'মেধাবৃত্তি ২০১৮' প্রদান করা হয়। উপাচার্য শিক্ষার্থীদের মাঝে মেধাবৃত্তি প্রদান করেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।